



দেশের সব ধর্মের মানুষ নির্বিঘ্নে ধর্ম পালন করছেন: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান | ছবি: সংগৃহীত

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ নির্বিঘ্নে, নির্ভয়ে ও শান্তিপূর্ণ পরিবেশে নিজ নিজ ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন করছেন।

গুৱাবার (৪ সেপ্টেম্বর) সকালে বিনাইদহের শৈলকুপায় জন্মাষ্টমী উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশে আইনমন্ত্রী বলেন, প্রায় ৫ হাজার বছর আগে অসুর ও কংসের মতো অশুভ শক্তিকে বিনাশ করার উদ্দেশ্যে ভগবান শ্রীকৃষ্ণের আবির্ভাব হয়েছিল। অশুভ ও অপশক্তির বিরুদ্ধে সংগ্রামের শিক্ষা তাঁর জীবন থেকে পাওয়া যায়।

তিনি বলেন, আমরা যখন অশুভ ও অপশক্তির বিরুদ্ধে কাজ করব এবং কথা বলব, তখন আপনাদের সহযোগিতা ও সমর্থন প্রয়োজন। ভবিষ্যতেও যেকোনো অপশক্তির বিরুদ্ধে সরকারের পাশে থাকার জন্য সনাতন ধর্মাবলম্বীদের প্রতি আহ্বান জানান তিনি।

অনুষ্ঠান শেষে জন্মাষ্টমী উপলক্ষে আয়োজিত একটি র্যালিতেও অংশ নেন আইনমন্ত্রী।